

# ঢাবিতে ২ উপ-উপাচার্য নিয়োগের প্রজ্ঞাপন দাবিতে মানববন্ধন

ঢাকা  
বিশ্ববিদ্যালয়  
প্রতিনিধি

০২ সেপ্টেম্বর,  
২০২৪ ১৭:১০

শেয়ার

অ +

অ -



রাজু ভাস্কর্যের পাদদেশে 'ঢাবির সাধারণ শিক্ষার্থী' ব্যানারে আয়োজিত মানববন্ধন। ছবি : কালের কণ্ঠ

রাষ্ট্রপতি কর্তৃক ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) হিসেবে অধ্যাপক ড. মোহাম্মদ ইসমাইল ও উপ-উপাচার্য (প্রশাসন) হিসেবে অধ্যাপক ড. সাইমা হক বিদিশাকে মনোনীত করা হয়েছে উল্লেখ করে দ্রুত তাদের নিয়োগ

প্রজ্ঞাপন জারি করার দাবিতে মানববন্ধন করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের একদল শিক্ষার্থী।

আজ সোমবার (২ সেপ্টেম্বর) বেলা তিনটায় ঢাবির রাজু ভাস্কর্যের পাদদেশে ‘ঢাবির সাধারণ শিক্ষার্থী’ ব্যানারে এই মানববন্ধন করা হয়। এ সময় শিক্ষার্থীরা ‘দুর্নীতির ঠিকানা/অনিয়মের ঠিকানা, ঢাবিতে হবে না’, ‘অপশক্তির চক্রান্ত, মানি না মানব না’, ‘প্রোভিসির প্রজ্ঞাপন, দিতে হবে দিতে হবে’, ‘অনিয়ম/দুর্নীতির বিরুদ্ধে, ডাইরেক্ট অ্যাকশন’ ইত্যাদি স্লোগান দিতে থাকেন।

মানববন্ধনে বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের শিক্ষার্থী মোহাম্মদ রায়হান বলেন, ‘আমরা বিভিন্ন মাধ্যমে জানতে পেরেছি মহামান্য রাষ্ট্রপতি ঢাবির উপ-উপাচার্য (শিক্ষা) হিসেবে অধ্যাপক ড. মোহাম্মদ ইসমাইল ও উপ-উপাচার্য (প্রশাসন) হিসেবে অধ্যাপক ড. সাইমা হক বিদিশাকে মনোনীত করেছেন।

বিশ্ববিদ্যালয়ের অন্যান্য পদগুলোর প্রজ্ঞাপন জারি হলেও কোনো অদৃশ্য হাত এই প্রো ভিসির প্রজ্ঞাপন আটকে দিয়েছে। সুতরাং মেধা ও যোগ্যতার ভিত্তিতে যে নিয়োগ রাষ্ট্রপতি দিয়েছেন অবিলম্বে তার প্রজ্ঞাপন জারি করতে হবে। বিগত উপ-উপাচার্য ও অনেক শিক্ষক স্বৈরাচারের দোসর ছিল। আমরা আর কোনো দলকানা উপ-উপাচার্য চাই না।

বায়োকেমিস্ট্রি বিভাগের শিক্ষার্থী মাহির আজরাফ বলেন, ‘কোনো অদৃশ্য শক্তির কারণে শিক্ষার্থীদের সমর্থন থাকার পরেও রাষ্ট্রপতির মনোনীত প্রো ভিসির প্রজ্ঞাপন এখনো জারি হয়নি। আমরা এটা মেনে নেব না।’ তিনি অধ্যাপক

ইসমাইল ও অধ্যাপক বিদিশাকে উপ-উপাচার্য হিসেবে নিয়োগ দিয়ে দ্রুত বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম শুরু করার কথা বলেন।

মানববন্ধন শেষে উপাচার্যের নিকট স্মারকলিপি প্রদান করতে বিকাল ৪টায় শিক্ষার্থীরা মিছিল নিয়ে ঢাবির উপাচার্যের বাসভবনে যান।

স্মারকলিপিতে রাজনৈতিক ষড়যন্ত্র ও রহস্যজনকভাবে আটকে যাওয়া প্রো ভিসির প্রজ্ঞাপন অনতিবিলম্বে জারি করার দাবি জানানো হয়।